Financial support – help with costs: Bengali

# আর্থিক সহায়তা - খরচ মেটানোর জন্য সাহায্য

আপনার ক্যান্সার হলে খরচে সাহায্যের জন্য এই তথ্য। এই তথ্যের আওতায় আছে:

- যানবাহনের খরচের জন্য সাহায্য
- প্রেসক্রিপশন এবং অন্যান্য স্বাস্থ্যের খরচের জন্য সাহায্য
- বাবা-মার জন্য সহায়তা
- অনুদান এবং ঋণ
- ম্যাকমিলান (Macmillan) কিভাবে আপনাকে সাহায্য করতে পারে
- বাংলা ভাষায় আরো তথ্য
- সূত্র ও ধন্যবাদ জ্ঞাপন

আমরা আশা করব যে এই তথ্য পৃষ্ঠা আপনার প্রশ্নগুলোর উত্তর দেবে।

এছাড়াও আপনি ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট (Macmillan Cancer Support)-কে **0808 808 00 00** ফ্রি ফোন নম্বরে, সপ্তাহে 7 দিন, সকাল 8 থেকে রাত 8টা পর্যন্ত কল করতে পারেন। আমাদের দোভাষী আছে, তাই আপনি আমাদের সাথে নিজের ভাষায় কথা বলতে পারেন। যখন আপনি আমাদেরকে কল করবেন, অনুগ্রহ করে ইংরেজিতে আমাদেরকে জানাবেন যে আপনার কোন ভাষা প্রয়োজন। (বলুন "বেঙ্গলি")।

ক্যান্সার সম্পর্কে বাংলা ভাষায় **macmillan.org.uk/translations** ওয়েবসাইটে আরো তথ্য আছে

## যানবাহনের খরচের জন্য সাহায্য

- যদি আপনার আয় কম থাকে, আপনার চিকিৎসার জন্য হাসপাতালে যাতায়াতের খরচের জন্য আপনি হয়ত সাহায্য পেতে পারেন। আপনাকে আপনার বাস, ট্রেন বা ট্যাক্সির ভাড়া মেটানো হতে পারে। বা পেট্রোলের জন্য অর্থ মেটানোর জন্য আপনি অর্থ পেতে পারেন। ক্যান্সারে আক্রান্ত ব্যক্তিরা বেশির ভাগ হাসপাতালে বিনামূল্যে পার্কিং করতে পারেন। আরো তথ্যের জন্য হাসপাতালের কর্মীদের সাথে কথা বলুন।

- কিছু অধিকবয়স্ক এবং প্রতিবন্ধকতা থাকা ব্যক্তিদের জন্য বাস, ট্রেন বা কোচের টিকেটের জন্য বিশেষ হার আছে। আরো তথ্যের জন্য **gov.uk** বা **ndirect.gov.uk**-তে যান

যদি আপনার চলাফেরা করতে সমস্যা হয়, আপনি হয়ত একটি ব্লু ব্যাজ পেতে পারেন। এর অর্থ হল আপনি যেখানে যেতে চান তার আরো কাছে পার্কিং করতে পারেন, যেমন হাসপাতাল বা সুপারমার্কেট। আরো জানতে, **gov.uk** বা **ndirect.gov.uk**-তে যান।

## প্রেসক্রিপশন এবং অন্যান্য স্বাস্থ্যের খরচের জন্য সাহায্য

- স্কটল্যান্ড, ওয়েলস এবং নর্দার্ন আয়ারল্যান্ডে, প্রেসক্রিপশনগুলি সকলের জন্য বিনামূল্যে। যদি আপনি ইংল্যান্ডে বাস করেন, ক্যান্সারে আক্রান্ত ব্যক্তিদের জন্য প্রেসক্রিপশন বিনামূল্যে দেওয়া হয়। আপনার একটি ফর্ম পূরণ করার প্রয়োজন হবে যা আপনি আপনার জিপি সার্জারি থেকে পেতে পারেন।

- ওয়েলস এবং নর্দার্ন আয়ারল্যান্ডে, পরচুলা এবং কাপড়চোপড়ের সহায়তা সকলের জন্য বিনামূল্যে দেওয়া হয়। ইংল্যান্ড এবং স্কটল্যান্ডে, তা কিছু ব্যক্তিদের জন্য বিনামূল্যে, যাতে অন্তর্ভুক্ত 16 বছরের কম বয়সী বাচ্চা এবং কম আয় থাকা লোকজন। আরো তথ্যের জন্য আপনার ক্যান্সার নার্স বা ডাক্তারের সাথে কথা বলুন।

- এনএইচএস লো ইনকাম স্কিম কম আয় থাকা ব্যক্তিদের স্বাস্থ্যের খরচ মেটাতে সাহায্য করে। এতে অন্তর্ভুক্ত হল দন্তচিকিৎসা, চক্ষুচিকিৎসা এবং চিকিৎসা পেতে যাত্রার খরচে সাহায্য। এটার পরিচালনা করে এনএইচএস, বা নর্দার্ন আয়ারল্যান্ডে হেলথ সার্ভিস।

## বাবা-মার জন্য সহায়তা

- শিশুদের পরিচর্যার খরচের জন্য আপনি হয়ত সরকার থেকে কিছু সাহায্য পেতে পারেন। এতে কিছু বিনামূল্যে শিশুদের পরিচর্যার খরচ অন্তর্ভুক্ত হতে পারে, বা শিশুদের পরিচর্যার খরচ মেটানোর জন্য কিছু অর্থ। আপনি **childcarechoices.gov.uk**-এ বিভিন্ন ধরণের যে সহায়তা পাওয়া যায় সে সম্বন্ধে জানতে পারেন। কোন দাতব্য প্রতিষ্ঠান বা আপনার লোকাল কাউন্সিলের থেকেও হয়ত আপনি শিশুদের পরিচর্যার খরচের জন্য সহায়তা পেতে পারেন।

- যদি আপনার কোন সন্তান স্কুলে পড়ে, তাহলে তারা হয়ত বিনামূল্যে স্কুলে খাবার পেতে পারেন। এছাড়া যদি আপনার আয় কম হয়, হয়ত আপনি স্কুলের জামাকাপড়, এবং স্কুলে যাতায়াতের জন্য সাহায্য পেতে পারেন। আরো তথ্যের জন্য আপনার লোকাল কাউন্সিলে খোঁজ নিন।

## অনুদান এবং ঋণ

- **ম্যাকমিলান (Macmillan) গ্রান্টস** হল ক্যান্সারের জন্য যে অতিরিক্ত খরচ হয় তার জন্য সহায়তা র প্রয়োজন থাকা ব্যক্তিদের জন্য ছোটখাটো পেমেন্ট। এটা হতে পারে অতিরিক্ত পোশাক বা হিটিং বিল মেটানোর জন্য সাহায্য। ম্যাকমিলান (Macmillan) গ্রান্টস সেই ব্যক্তিদের জন্য যাদের আয় এবং সঞ্চয় কম। এর অর্থ হল:

    - যদি আপনি অবিবাহিত হন আপনার সঞ্চয় £6,000-এর কম হয়, বা যুগল বা পরিবার হলে £8,000-এর কম।

    - আপনি বাড়ি ভাড়া, মর্গেজ এবং কাউন্সিল ট্যাক্স মেটানোর পর আপনার মোট আয় কম হয়। এর অর্থ হল অবিবাহিত ব্যক্তির জন্য সাপ্তাহিক আয় £170, যুগল বা দুই ব্যক্তির বাসার জন্য £289, এবং প্রত্যেক শিশুর জন্য £85।

- আপনি হয়ত অন্য কোন সংস্থা থেকেও অনুদান বা ঋণ পেতে পারেন। উদাহরণস্বরূপ, দাতব্য প্রতিষ্ঠান বা আপনার লোকাল কাউন্সিলও সাহায্য করতে পারে।

## ম্যাকমিলান (Macmillan) কিভাবে আপনাকে সাহায্য করতে পারে

আপনাকে এবং আপনার পরিবারকে সাহায্য করতে ম্যাকমিলান (Macmillan) এখানে আছে। আপনি যেখান থেকে সহায়তা পেতে পারেন:

- **দ্যা ম্যাকমিলান সাপোর্ট লাইন (The Macmillan Support Line) (0808 808 00 00)**। আমাদের দোভাষী আছে, তাই আপনি আমাদের সাথে আপনার ভাষায় কথা বলতে পারেন। আপনি যে ভাষাটি ব্যবহার করতে চান, শুধু তার নাম ইংরেজিতে আমাদেরকে বলুন। আমরা মেডিকেল প্রশ্নগুলোর উত্তর দিতে পারি, আপনাকে আর্থিক সহায়তার বিষয়ে তথ্য দিতে পারি, বা আপনার অনুভূতিগুলোর বিষয়ে আপনার সাথে কথা বলতে পারি। সপ্তাহে 7 দিন, সকাল 8 থেকে সন্ধ্যা 8টা পর্যন্ত ফোন লাইন খোলা থাকে।

- **ম্যাকমিলান (Macmillan) ওয়েবসাইট (macmillan.org.uk)**। ক্যান্সার এবং ক্যান্সার নিয়ে বেঁচে থাকার বিষয়ে আমাদের সাইটে ইংরেজিতে অনেক তথ্য আছে। www.macmillan.org.uk/translations **ওয়েবসাইটে অন্যান্য ভাষায় আরো তথ্য আছে**

- **তথ্য ও সহায়তা পরিষেবা**। তথ্য ও সহায়তা কেন্দ্রে, আপনি একজন ক্যান্সার সহায়তা বিশেষজ্ঞের সাথে কথা বলতে পারেন এবং লিখিত তথ্য পেতে পারেন। **macmillan.org.uk/informationcentres** ওয়েবসাইটে আপনার সবচেয়ে নিকটস্থ কেন্দ্র খুঁজে বের করুন বা আমাদের কল করুন। আপনার হাসপাতালে একটি কেন্দ্র থাকতে পারে।

- **স্থানীয় সাপোর্ট গ্রুপ** - সাপোর্ট গ্রুপে আপনি ক্যান্সারে আক্রান্ত অন্যান্য লোকজনের সাথে কথা বলতে পারেন। **macmillan.org.uk/supportgroups ওয়েবসাইটে আপনার কাছাকাছি একটি গ্রুপ খুঁজে নিন** বা আমাদেরকে কল করুন।

- **ম্যাকমিলান (Macmillan) অনলাইন কমিউনিটি** – এছাড়া আপনি ক্যান্সারে আক্রান্ত অন্যান্য ব্যক্তিদের সাথে অনলাইনে**macmillan.org.uk/community-এ কথা বলতে পারেন।**

# বাংলা ভাষায়

এই বিষয়গুলো সম্বন্ধে আমাদের বাংলা ভাষায় তথ্য আছে:

| **ক্যান্সারের ধরন** | **ক্যান্সারের মোকাবিলা করা** |
|---|---|
| • স্তন ক্যান্সার<br>• বৃহদান্ত্রের ক্যান্সার<br>• ফুসফুসের ক্যান্সার<br>• প্রোস্টেট ক্যান্সার<br><br>**চিকিৎসা**<br><br>• কেমোথেরাপি<br>• রেডিওথেরাপি<br>• সার্জারি | • যদি আপনার ক্যান্সার নির্ণয় হয়ে থাকে - একটি চটজলদি নির্দেশিকা<br>• বেনিফিট দাবি করা<br>• খাওয়ার সমস্যা এবং ক্যান্সার<br>• জীবনের অবসান<br>• আর্থিক সহায়তা - বেনিফিটসমূহ<br>• আর্থিক সহায়তা - খরচ মেটানোর জন্য সাহায্য<br>• স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস<br>• ক্লান্তি (অবসন্নতা) এবং ক্যান্সার<br>• ক্যান্সার চিকিৎসার পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ<br>• নিজেকে সাহায্য করার জন্য আপনি কী করতে পারেন |

এই তথ্য দেখতে, **macmillan.org.uk/translations-এ** যান

## আমাদের সাথে বাংলায় কথা বলুন

আপনি **0808 808 00 00** নম্বরে বিনামূল্যে ম্যাকমিলান (Macmillan)-এ ফোন করতে পারেন এবং একজন দোভাষীর সাহায্যে আমাদের সাথে বাংলায় কথা বলতে পারেন। আপনার উদ্বেগ ও চিকিৎসা সম্পর্কিত প্রশ্নগুলো নিয়ে আপনি আমাদের সাথে কথা বলতে পারেন। যখন আপনি কল করবেন শুধু ইংরেজিতে বলুন 'বাংলা](বলুন "বেঙ্গলি")।

আমরা সপ্তাহে 7 দিন, সকাল 8 থেকে সন্ধ্যা 8টা পর্যন্ত খোলা থাকি।

## সূত্র ও ধন্যবাদ জ্ঞাপন

এই সকল তথ্য রচনা ও সম্পাদনা করেছে ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট (Macmillan Cancer Support)-এর ক্যান্সার তথ্য উন্নয়ন (Cancer Information Development) দল। একটি অনুবাদ কোম্পানি এটি বাংলায় অনুবাদ করেছে।

অন্তর্ভুক্ত করা তথ্য ম্যাকমিলান (Macmillan)-এর পুস্তিকা **ক্যান্সার-এর খরচের বিষয়ে সহায়তা**-র ভিত্তিতে দেওয়া হয়েছে। আমরা আপনাকে একটি কপি পাঠাতে পারি, কিন্তু সম্পূর্ণ পুস্তিকাটি শুধু ইংরেজিতে পাওয়া যায়।

এই তথ্য সংশ্লিষ্ট বিশেষজ্ঞেরা পর্যালোচনা করেছেন এবং অনুমোদন করেছেন ম্যাকমিলান (Macmillan) আর্থিক সহায়তা কর্মসূচির প্রধান নীল সাউথউইক [Neal Southwick]।

ধন্যবাদ জ্ঞাপন করা হচ্ছে: রয় বিসন [Roy Beeson], অ্যাডভাইস সার্ভিস ম্যানেজার, ডিজেবিলিটি সলিউশনস ওয়েস্ট মিডল্যান্ডস; জাস্টিন বার্টন [Justine Burton], ম্যাকমিলান (Macmillan) ওয়েলফেয়ার রাইটস টিম টেকনিকাল লিড; ডেনিস ফোর্ড [Denise Forde], ম্যাকমিলান (Macmillan) ওয়েলফেয়ার রাইটস অ্যাডভাইসার; অ্যান্টনি মার্টিন [Anthony Martin], ম্যাকমিলান (Macmillan) বেনিফিট সার্ভিস পার্টনারশিপস ম্যানেজার; অ্যানড্রু মন্টগমারি [Andrew Montgomery], ম্যাকমিলান (Macmillan) বেনিফিট সার্ভিস পার্টনারশিপস ম্যানেজার; ক্যাথরিন ফিলিপস (Macmillan), ম্যাকমিলান (Macmillan) ওয়েলফেয়ার রাইটস টেকনিকাল লিড, এবং টিনা স্মিথ [Tina Smith], ম্যাকমিলান (Macmillan) ওয়েলফেয়ার বেনিফিটস ম্যানেজার, নিথ পোর্ট ট্যালবট কাউন্সিল।

সেই সব ক্যান্সার আক্রান্ত ব্যক্তিদেরও ধন্যবাদ জানাচ্ছি যারা এই তথ্য পর্যালোচনা করেছেন।

আমাদের সকল তথ্য প্রাপ্ত সেরা প্রমাণের ভিত্তিতে নেওয়া হয়েছে। আমাদের ব্যবহার করা উৎসগুলোর বিষয়ে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে **bookletfeedback@macmillan.org.uk**-এ আমাদের সাথে যোগাযোগ করুন।

MAC17423_Bengali

Health & care information you can trust
The Information Standard Certified Member

| বিষয়বস্তুর পর্যালোচনা: মার্চ 2019<br><br>পরবর্তী পর্যালোচনার জন্য পরিকল্পিত |
|---|

আমরা সব সময় সঠিক তথ্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য সব রকমভাবে চেষ্টা করে থাকি কিন্তু প্রতিনিয়ত পরিবর্তনশীল মেডিকেল গবেষণার বর্তমান অবস্থার প্রতিফলনের জন্য এর উপর নির্ভর করা উচিত হবে না। আপনি আপনার স্বাস্থ্য সম্পর্কে উদ্বিগ্ন থাকলে, আপনার ডাক্তারের সাথে আলোচনা করুন। এই তথ্যে বা তৃতীয় পক্ষের কোনো তথ্যে, যেমন আমাদের লিংক করা ওয়েবসাইটের তথ্যে, কোনো ভুল থাকার কারণে সৃষ্ট কোনো ক্ষতি বা হানির জন্য ম্যাকমিলান (Macmillan) কোনো দায়-দায়িত্ব গ্রহণ করবে না।

আমরা আশা করি যে আপনার নিকট এই তথ্য সহায়ক হয়েছে। আপনার কোনো প্রশ্ন থেকে থাকলে, আমরা আপনার ভাষায় টেলিফোনের মাধ্যমে তথ্য এবং সহায়তা দিতে পারি। আমরা বিনামূল্যে পরিষেবাগুলি দিয়ে থাকি। আমাদেরকে স্রেফ 0808 808

00 00 নম্বরে (সপ্তাহে 7 দিন, সকাল 8টা থেকে রাত 8টা পর্যন্ত) কল করুন এবং ইংরেজিতে আপনার পছন্দের ভাষার জন্য বলুন।

© ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট (Macmillan Cancer Support) 2019। ইংল্যান্ড ও ওয়েলস (261017), স্কটল্যান্ড (SC039907) এবং আইল অব ম্যান (604)-এ নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান। রেজিস্টার্ড অফিস: 89 Albert Embankment,
London SE1 7UQ.

MAC17423_Bengali

# Financial support – help with costs

This information is about help with costs if you have cancer. This information covers:

- Help with transport costs
- Help with prescriptions and other health costs
- Support for parents
- Grants and loans
- How Macmillan can help you
- More information in [language]
- References and thanks

We hope this fact sheet answers your questions.

You can also call Macmillan Cancer Support on freephone **0808 808 00 00**, 7 days a week, 8am to 8pm. We have interpreters, so you can speak to us in your own language. When you call us, please tell us in English which language you need (say "xxxxx").

There is more cancer information in [language] at **macmillan.org.uk/translations**

## Help with transport costs

- If you are on a low income, you may be able to get help with the cost of travelling to hospital for your treatment. You could get a refund on your bus, train or taxi fares. Or you could get money to help pay for petrol. People with cancer will get free parking at most hospitals. Speak to the staff at the hospital for more information.

- There are special rates for bus, coach and train tickets for some older people and people with disabilities. For more information visit **gov.uk** or **nidirect.gov.uk**

If you have problems moving around, you may be able to get a Blue Badge. This means you can park in parking spaces that are closer to where you need to go, such as hospitals or supermarkets. To find out more, visit **gov.uk** or **nidirect.gov.uk**

## Help with prescriptions and other health costs

- In Scotland, Wales and Northern Ireland, prescriptions are free for everyone. If you live in England, prescriptions are free for people with cancer. You will need to fill in a form, which you can get from your GP surgery.

- In Wales and Northern Ireland, wigs and fabric supports are free for everyone. In England and Scotland, they are free for some people, including children under the age of 16 and people on a low income. Speak to your cancer nurse or doctor for more information.

- The NHS Low Income Scheme helps people on a low income to pay for health costs. This includes help with dental treatment, sight tests and travel to receive treatment. It is run by the NHS, or the Health Service in Northern Ireland.

## Support for parents

- You might be able to get some help from the government towards childcare costs. This might include some free childcare, or some money to help pay for childcare. You can find out about the different types of support available at **childcarechoices.gov.uk** You might also be able to get help with childcare costs from a charity or your local council.

- If you have a child at school, they might be able to get free school meals. If you have a low income, you might also be able to get help with paying for school clothing, and travel to and from school. Ask your local council for more information.

## Grants and loans

- **Macmillan Grants** are small payments for people who need help with the extra costs that cancer can cause. This might be extra clothing or help to pay heating bills. Macmillan Grants are for people who have a low level of income and savings. This means:

    - You have less than £6,000 in savings if you are single, or less than £8,000 as a couple or family.

    - You have a low total income after you have paid rent, mortgage and council tax. This means a weekly income of £170 for a single person, £289 for a couple or household of two people and £85 for each child.

- You may also be able to get grants or loans from other organisations. For example, charities or your local council might be able to help.

## How Macmillan can help you

Macmillan is here to help you and your family. You can get support from:

- **The Macmillan Support Line (0808 808 00 00)**. We have interpreters, so you can speak to us in your language. Just tell us, in English, the language you want to use. We can answer medical questions, give you information about financial support, or talk to you about your feelings. The phone line is open 7 days a week, 8am to 8pm.

- **The Macmillan website (macmillan.org.uk)**. Our site has lots of English information about cancer and living with cancer. There is more information in other languages at **macmillan.org.uk/translations**

- **Information and support services**. At an information and support service, you can talk to a cancer support specialist and get written information. Find your nearest centre at **macmillan.org.uk/informationcentres** or call us. Your hospital might have a centre.

- **Local support groups** – At a support group you can talk to other people affected by cancer. Find a group near you at **macmillan.org.uk/supportgroups** or call us.

- **Macmillan Online Community** – You can also talk to other people affected by cancer online at **macmillan.org.uk/community**

## More information in [language]

We have information in [language] about these topics:

| **Types of cancer** | **Coping with cancer** |
|---|---|
| • Breast cancer<br>• Large bowel cancer<br>• Lung cancer<br>• Prostate cancer<br><br>**Treatments**<br><br>• Chemotherapy<br>• Radiotherapy<br>• Surgery | • If you're diagnosed with cancer – A quick guide<br>• Claiming benefits<br>• Eating problems and cancer<br>• End of life<br>• Financial support – benefits<br>• Financial support – help with costs<br>• Healthy eating<br>• Tiredness (fatigue) and cancer<br>• Side effects of cancer treatment<br>• What you can do to help yourself |

To see this information, go to **macmillan.org.uk/translations**

**Speak to us in [language]**

You can call Macmillan free on **0808 808 00 00** and speak to us in [language] through an interpreter. You can talk to us about your worries and medical questions. Just say [language] in English when you call (say "xxxxx").

We are open 7 days a week, 8am to 8pm.

## References and thanks

This information has been written and edited by Macmillan Cancer Support's Cancer Information Development team. It has been translated into [language] by a translation company.

The information included is based on the Macmillan booklet **Help with the cost of cancer**. We can send you a copy, but the full booklet is only available in English.

This information has been reviewed by relevant experts and approved by Neal Southwick, Macmillan Financial Support Programme Lead.

With thanks to: Roy Beeson, Advice Service Manager, Disability Solutions West Midlands; Justine Burton, Macmillan Welfare Rights Team Technical Lead; Denise Forde, Macmillan Welfare Rights Adviser, Anthony Martin, Macmillan Benefit Service Partnerships Manager; Andrew Montgomery, Macmillan Benefit Service Partnerships Manager; Kathryn Phillips, Macmillan Welfare Rights Technical Lead; and Tina Smith, Macmillan Welfare Benefits Manager, Neath Port Talbot Council

Thanks also to the people affected by cancer who reviewed this information.

All our information is based on the best evidence available. For more information about the sources we use, please contact us at **bookletfeedback@macmillan.org.uk**

MAC17423_Language

Health & care information you can trust
The Information Standard Certified Member

Content reviewed: March 2019

Next planned review: 2020

We make every effort to ensure that the information we provide is accurate but it should not be relied upon to reflect the current state of medical research, which is constantly changing. If you are concerned about your health, you should consult your doctor. Macmillan cannot accept liability for any loss or damage resulting from any inaccuracy in this information or third-party information such as information on websites to which we link.

© Macmillan Cancer Support 2019. Registered charity in England and Wales (261017), Scotland (SC039907) and the Isle of Man (604). Registered office 89 Albert Embankment, London SE1 7UQ.

MAC17423_Language